

## অধ্যাপক আখতারের ইউজিসি সদস্য পদের বৈধতা নিয়ে প্রশ্ন

৭ অক্টোবর ২০১৯ ০০:৫৮

আপডেট: ৭ অক্টোবর ২০১৯ ০০:৫৮



আমাদের সময়

নিয়োগের শর্ত ভঙ্গ করায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য অধ্যাপক আখতার হোসেনের পদটি নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে। ইউজিসি ও মন্ত্রণালয়কে না জানিয়ে তিনি অবসর প্রস্তুতির জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। এর ফলে ইউজিসিতে তার নিয়োগের বৈধতা প্রশ্নের মুখে পড়েছে।

সংশ্লিষ্টরা বলছেন, নিয়োগের বৈধতা হারানোর পরও আখতার হোসেন

১৫ মাস ধরে ইউজিসি সদস্য হিসেবে সরকারের সব সুযোগ-সুবিধা ভোগ করছেন অবৈধভাবে।

এ প্রসঙ্গে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান কাজী শহীদুল্লাহ বলেন, তিনি নিজেই নতুন যোগদান করেছেন। কবে, কে, কোথায় যোগদান করেছেন; তিনি অবগত নন। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের ইউজিসিতে প্রেরণে দেওয়া হয়। সুতরাং একই সঙ্গে কমিশন এবং নিজ বিশ্ববিদ্যালয়ে চাকরির সুযোগ আছে বলে আমার জানা নেই। অধ্যাপক আখতারের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় মতামত দিলে সেই অনুযায়ী কমিশন তার দায়িত্ব পালন করবে।

অধ্যাপক আখতার হোসেন বলেন, অজ্ঞতাবশত এই ভুল হয়েছে। আমি যোগদানের সময় ইউজিসি থেকে ছুটি নিয়ে গিয়েছিলাম। তবে এই ছুটি নেওয়ার প্রয়োজন ছিল শিক্ষা মন্ত্রণালয় থেকে। যদি ত্রুটি হয়ে থাকে, তা হলে ভূতাপেক্ষভাবে সংশোধন করা যেতে পারে। মূল পদে পেনশনের জন্য যোগদান করেছি। যারা প্রেরণে অন্য প্রতিষ্ঠানে দায়িত্বপালন করে থাকেন, তাদের অবসর গ্রহণের আগে নিজ প্রতিষ্ঠানে ফের যোগদান করেই অবসরে যেতে হয়; কিন্তু রাষ্ট্রপতির আদেশই চূড়ান্ত।

উল্লেখ্য, অধ্যাপক আখতার হোসেন ২০১৬ সালের ১ জানুয়ারি দ্বিতীয় মেয়াদে প্রেষণে চার বছরের জন্য ইউজিসির সদস্য পদের জন্য নিয়োগ আদেশ পান। এ পদে তার মেয়াদকাল ২০২০ সালের ১৩ জানুয়ারি পর্যন্ত। তার দায়িত্ব শেষে তিনি নিজ কর্মস্থলে ফিরে যেতে পারবেন।

advertisement